গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর : ৩৯

**রাজশাহীতে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় উপদেষ্টা**

রাজশাহী, ২৫ শ্রাবণ (৯ আগস্ট):

আজ (৯ আগস্ট) শনিবার সকালে রাজশাহী সার্কিট হাউসে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন ৯টি প্রকল্পের ভার্চুয়াল উদ্বোধন ও ৪টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। রাজশাহী বিভাগীয় প্রশাসন এ ভার্চুয়াল উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপনের আয়োজন করে।

প্রকল্পগুলোর মধ্যে রাজশাহী দূর্গাপুর কালীগঞ্জ হাটে দুইতলা গ্রামীণ হাট ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন, মোহনপুরে বীরকুৎসা হাট দুইতলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন, বাগমারা উপজেলার একডালা ভূমি অফিস কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন, তানোরে কাশেম বাজার হতে বায়া রাস্তার প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন, মোহনপুরে ধোরসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন, গোদাগাড়ী উপজেলার সোনাদিঘি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন, নগরীর লক্ষ্মীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চারতলা নবনির্মিত ভবন, নগরীর হড়গ্রাম নতুনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত দুইতলা ভবন, বাঘার চক ছাতারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন, চারঘাটে নিমপাড়া-হাবিবপুর খালের পলি অপসারণ কাজ, পবায় হরিপুর হাটের নবনির্মিত দুইতলা মার্কেট ভবন, গোদাগাড়ী ৭২ কিলোমিটার লম্বা পান্তাপাড়া-কদমশহর ভাগাইল ব্রিজ নির্মাণ কাজ এবং রাজশাহী কেন্দ্রীয় ঈদগাহ'র উদ্বোধন করা হয়। উদ্বোধন শেষে উপদেষ্টা দোয়ায় অংশ নেন।

১৩টি বিভিন্ন প্রকল্পের মধ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে(এলজিইডি) ১২টি এবং রাজশাহী সিটি কর্পোরেশনের অধীনে ১টি বাস্তবায়ন করা হবে বলে জানা যায়।

রাজশাহী বিভাগীয় প্রশাসনের আয়োজনে এ উদ্বোধন অনুষ্ঠানে রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো. আব্দুর রশীদ মিয়া, মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতার, পুলিশ সুপার ফারজানা ইসলাম, রাজশাহী এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী মো. জহুরুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারী ও গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

........................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৩.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd